

ঢাবিতে ছায়া জাতিসংঘ সম্মেলন শুরু কাল

ইত্তেফাক ডিজিটাল ডেস্ক

প্রকাশ: ২৯ মে ২০২৪, ০৪:৪০



ফাইল ছবি

ঢাকা বিশ্ববিদ্যালয়ে চারদিনব্যাপী ছায়া জাতিসংঘ সম্মেলন শুরু হচ্ছে বৃহস্পতিবার (৩০ মে)। চলবে ২ জুন রবিবার পর্যন্ত।

 দৈনিক ইত্তেফাকের সর্বশেষ খবর পেতে [Google News](#) অনুসরণ করুন

ঢাকা ইউনিভার্সিটি মডেল ইউনাইটেড নেশন্স-এর (ডুমুনা) উদ্যোগে এই আয়োজনের এবারের প্রতিপাদ্য 'Sustainability beyond Conflict: Forging Equitable Peace through Unified Actions'।

৩০ মে বিশ্ববিদ্যালয়ের নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে সম্মেলনের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামাল। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন ইউএসএইড-এর বাংলাদেশ মিশন ডিরেক্টর রিড অ্যাসলিম্যান, ঢাবি অধ্যাপক ড. দেলওয়ার হোসেন, ইউএনডিপি বাংলাদেশের ডেপুটি কান্ট্রি রিপ্রেজেন্টেটিভ সোনালী দয়ারত্নে।

সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের মন্ত্রী সাবের হোসেন চৌধুরী। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন সংসদ সদস্য মইজ উদ্দিন শরিফ রুবেল, ইউরোপিয়ান ইউনিয়নের হেড অব ডেলিগেশন চার্লস হোয়াইটলি, বিশ্বব্যাংকের অর্থনীতিবিদ সৈয়দ রাশেদ আল-জায়েদ।

ঢাকা বিশ্ববিদ্যালয়ে মডেল ইউনাইটেড নেশন্স-এর ১১তম আসর এটি। এবার এতে থাকছে ১১টি কমিটি, যার মধ্যে আফ্রিকান ইউনিয়ন এবং নর্থ আটলান্টিক ট্রিটি অরগানাইজেশন মিলিটারি ছায়া কমিটিও অন্তর্ভুক্ত রয়েছে। জাতিসংঘের অধিবেশনের প্রতীকী উপস্থাপনায় তরুণরা বিভিন্ন বিষয়ের ওপর তাদের ভাবনা তুলে ধরবেন।

আয়োজনে মিডিয়া পার্টনার হিসেবে থাকছে দৈনিক ইত্তেফাক।